# মোকাম ******* আমলী আদালত, নাটোর

মোকদ্দমা নং: সি/২৫ (***)

ধারা: এন. আই. এক্টের ১৩৮ ধারা।

**বাদী**

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন *******,
নাটোর শাখার পক্ষে-
মোঃ হারুনুর রশিদ (৪১)
পিতাঃ মোঃ ***** *****
উপজেলা ব্যাবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, ******, নাটোর
আইডি নং- ৮২***২৮০৫৩
মোবাইল- ০১৭**-৫৯৪৪১৯

বনাম

**আসামী**

১। মোঃ আনিসুর রহমান (৩০)
পিতা- মোঃ সিরাজুল ইসলাম
সাং- কুমরুল
থানা- *******
জেলাঃ নাটোর

**স্বাক্ষী**

১। ব্যাবস্থাপক
******* ব্যাংক লিঃ, ******* শাখা, নাটোর
২। আরো আছে।

**ঘটনার স্থান** - ******* ব্যাংক লিঃ, ******* শাখা, নাটোর
**চেক প্রদানের তারিখ** – ১০/১২/২০২৪ ইং
**প্রত্যাখাত সনদ প্রদানের তারিখ**- ২৩/১২/২০২৪ ইং
**লিগ্যাল নোটিশ প্রদানের তারিখ** – ১২/০১/২০২৫ ইং
**প্রাপ্তি স্বীকার**– ১৯/০১/২০২৫ ইং
**নালিশের তারিখ** – ১৮/০৩/২০২৫ ইং

সম্মান পূর্বক বাদী মাননীয় আদালতে নিবেদন করেন যে, আসামী গত ৩০/০৮/২২ ইং তারিখে সার্ভিস চার্জ সহ ২৪ কিস্তিতে পরিশোধের অঙ্গীকারে বাদী প্রতিষ্ঠানের নিকট হইতে ২,৯৫,০০০/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ঋন গ্রহন করেন। অতঃপর কিস্তির টাকা পরিশোধে গড়িমসি শুরু করিলে এক পর্যায়ে ১০/১২/২০২৪ ইং তারিখে সার্ভিস চার্জ সহ ঋণের সমুদয় টাকা হিসাব ৩,১৪,৭০০/- (তিন লক্ষ চৌদ্দ হাজার সাতশত) টাকা পরিশোধের নিমিত্তে জনতা ব্যাংক লিঃ বনপাড়া বাজার শাখা নাটোর এ আসামীর হিসাব নং ০১০********৫৯৭৬১ বরাবর ৩,১৪,৭০০/- (তিন লক্ষ চৌদ্দ হাজার সাতশত) টাকা সম্বলিত একখানি চেক যাহার নং ৯৫০০৮৫৮ বাদীকে প্রদান করেন। চেকখানি নগদায়নের জন্য ******* ব্যাংক লিঃ ******* নাটোর শাখায় বাদী প্রতিষ্ঠানের চলতি হিসাব নম্বর ৪৯০************০৬০ বরাবর জমা প্রদান করিলে জনতা ব্যাংক লিঃ বনপাড়া বাজার শাখা ইং ২৩/১২/২৪ ইং তারিখের প্রত্যাখ্যাত সনদের প্রেক্ষিতে ******* ব্যাংক লিঃ ******* শাখা কর্তৃপক্ষ অপর্যাপ্ত তহবিল মর্মে গত ২৩/১২/২৪ ইং তারিখে প্রত্যাখাত সনদসহ চেকখানি ফেরত প্রদান করিলে গত ১২/০১/২৫ ইং তারিখে বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে বিষয়টি সম্পর্কে আসামী বরাবর রেজিস্ট্রি লিগ্যাল নোটিশ প্রেরণ করা হয়। আসামী গত ১৯/০১/২০২৫ ইং তারিখে রেজিস্ট্রিকৃত লিগ্যাল নোটিশ প্রাপ্ত হওয়ার পরও বাদীর সহিত কোনরূপ যোগাযোগ করে নাই, এমনকি বাদীকে টাকা

প্রদান না করিয়া আসামী প্রতারণা পূর্বক সম্যক বিষয়াদি অবগত থাকিয়া এহেন চেক প্রদান করায় হস্তান্তর যোগ্য দলিল আইনের ১৩৮ ধারায় অপরাধ করিয়াছে।

উল্লেখ্য যে, গত ১২/০১/২৫ ইং তারিখে আসামীকে রেজিস্ট্রিকৃত লিগ্যাল নোটিশ প্রেরন করিলে রেজিস্ট্রিকৃত লিগ্যাল নোটিশ গত ইং ১৯/০১/২৫ তারিখে আসামী কর্তৃক স্বাক্ষরিত হইয়া ফেরত আসায় নির্দিষ্ট সময়ের মধ্যে অত্র মোকদ্দমা দাখিল করা হইল।

অত্রসহ বর্নিত চেক, ডাক রশিদ, লিগ্যাল নোটিশ এবং প্রত্যাখাত সনদ, প্রাপ্তি স্বীকার, মামলা পরিচালনার ক্ষমতাপত্র সহ এন.আই.ডি. কার্ডের ফটোকপি সহ মামলা পরিচালনার ক্ষমতাপত্র সংযোজিত হইলো। স্বাক্ষীগন ঘটনা প্রমান করিবেন।

বিধায় প্রার্থনা ন্যায় বিচারের স্বার্থে ও বর্নিত কারনাধিনে আসামীর বিরুদ্ধে হস্তান্তর যোগ্য দলিল আইনের ১৩৮ ধারা মতে বিষয়টি আমলে গ্রহন করিয়া সুবিচারে মর্জি হয়। ইতি। তাং- ১৮/০৩/২০২৫ ইং।

**সংযুক্তি**

১। মূল চেকের ফটো কপি ১ টি = ১ পাতা

২। প্রত্যাখাত সনদের ফটোকপি ১টি = ১ পাতা।

৩। লিগ্যাল নোটিশের ফটোকপি ১ টি = এক পাতা।

৪। ডাক রশিদের ফটোকপি ১টি = ১ পাতা

৫। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ টি = ১ পাতা।

৬। স্বাক্ষরিত প্রাপ্তি স্বীকার এর ফটোকপি ১ টি = ১ পাতা।

৭। মামলা পরিচালনার ক্ষমতাপত্র ১ টি = ১ পাতা।